

অতিব জরুরি
নির্বাচন অগ্রাধিকার



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন
নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা।
www.brta.gov.bd

স্মারকনং-৩৫.০৩.০০০০.০২.৫৮.০১১.২০-

তারিখঃ ২৫-১০-২০২০খ্রিঃ।


বিষয়ঃ ২৯ অক্টোবর ২০২০ তারিখে ইউনিয়ন পরিষদের সাধারণ/উপনির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের জন্য নির্ধারিত তারিখে যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ সংক্রান্ত।

সূত্রঃ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের স্মারক নং- ৩৫.০৩.০০০০.০২০.০০৯.০৭৭.১৭-৪৪৯ তারিখঃ ১৯/১০/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে জানানো যাচ্ছে যে, আগামী ২৯ অক্টোবর ২০২০ তারিখে ইউনিয়ন পরিষদের সাধারণ/উপনির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত ভোট গ্রহণের দিন এবং তার আগে ও পরের দিনে কতিপয় যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে পত্র পাওয়া গেছে। উক্ত পত্রের আলোকে যানবাহন চলাচলে নিষেধাজ্ঞা আরোপ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রস্তুত করা হয়েছে যা এ অথরিটির ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বিজ্ঞপ্তি ০১ (এক) ফর্দ

জনাব শাহজাহান কবীর
সহকারী প্রোগ্রামার
বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।



(মোহাম্মদ আব্দুর রাজ্জাক)
উপপরিচালক (এনফোর্সমেন্ট)
ফোন:৫৫০৪০৭২২

স্মারক নং-৩৫.০৩.০০০০.০২.৫৮.০১১.২০-

তারিখঃ ২৫-১০-২০২০খ্রিঃ।

অনুলিপিঃ

- ১। জেলা প্রশাসক, নীলফামারী/সিলেট/গাইবান্ধা/জামালপুর/শেরপুর/নওগাঁ (সড়ক ও মহাসড়ক বিভাগের ১৫/১০/২০২০খ্রিঃ তারিখের ৩৫.০৩.০০০০.০২০.০০৯.০৭৭.১৭-৪৪৯ নং স্মারকের প্রদত্ত ক্ষমতা বলে নিষেধাজ্ঞা আরোপের অনুরোধসহ)।
- ২। সচিব এর একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। চেয়ারম্যান এর একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(মোহাম্মদ আব্দুর রাজ্জাক)
উপপরিচালক (এনফোর্সমেন্ট)
ফোন:৫৫০৪০৭২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা।
www.brta.gov.bd



স্মারকনং-৩৫.০৩.০০০০.০২.৫৮.০১১.২০-

তারিখঃ ২৫-১০-২০২০খ্রিঃ।

জরুরী বিজ্ঞপ্তি

২৯ অক্টোবর ২০২০ তারিখে ইউনিয়ন পরিষদের সাধারণ/উপনির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের জন্য নির্ধারিত তারিখে যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ সংক্রান্ত।

২৯ অক্টোবর ২০২০ তারিখে অনুষ্ঠিতব্য ইউনিয়ন পরিষদের সাধারণ/উপনির্বাচন (সংযুক্ত তালিকা) অনুষ্ঠিত হবে। সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী অনুষ্ঠিতব্য ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট এলাকায় সাধারণ/উপনির্বাচন (সংযুক্ত তালিকা) উপলক্ষে ভোট গ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২৮ অক্টোবর ২০২০ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ২৯ অক্টোবর ২০২০ তারিখ মধ্যরাত ১২:০০টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

- | | | |
|-------------------------------------|-----------|-----------|
| ১. বেবী ট্যাক্সি/ অটোরিক্সা/ইজিবাইক | ৪. জিপ | ৭. বাস |
| ২. ট্যাক্সি ক্যাব | ৫. পিক আপ | ৮. ট্রাক |
| ৩. মাইক্রোবাস | ৬. কার | ৯. টেম্পো |

০২। সে সাথে ভোটগ্রহণের পূর্ববর্তী ০২ (দুই) দিন হতে ভোটগ্রহণের পরের দিন মধ্যরাত ১২.০০টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

০৩। এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/ তাঁদের নির্বাচনী এজেন্ট, দেশি/ বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয় পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/ বিদেশি সাংবাদিক (পরিচয় পত্র থাকতে হবে) নির্বাচনী কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারি, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।


(মোহাম্মদ আব্দুর রাজ্জাক)
উপপরিচালক (এনফোর্সমেন্ট)
ফোন: ৫৫০৪০৭২২